গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২।
www.ddm.gov.bd

তাগিদপত্র-২

স্মারক নং- ৫১.০১.০০০০.০০০.০৩২.০৩৯.০০৩৭.২৪.২৯

তারিখঃ-২৩ আগস্ট-২০২৬

বিষয়: সম্ভাব্য প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় আগাম প্রস্তুতি হিসেবে মাঠ পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি হালনাগাদকরণ ও সভা আয়োজন প্রসংগে।

সূত্র . (ক) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং- ৫১.০১.০০০০.০০০.০৩২.০৩৯.০০৩৭.২৪-১৩; তারিখঃ-০৫-০৫-২০২৬খ্রি.
(খ) জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি) স্মারক নং-৫১.০১.০০০০.০০০.০৩৯.৩৯.০১২.২০-৪৪৪; তারিখঃ-১৩-০৮-২০২৬খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আবহাওয়া অধিদপ্তর কর্তৃক বিশেষ আবহাওয়া বুলেটিন/দুর্যোগ সর্তকবার্তা অনুযায়ী সাধারণত মার্চ হতে অক্টোবর মাস পর্যন্ত ঘূর্ণিঝড়,বন্যা, কালবৈশাখী ঝড়সহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ আঘাত হানে। সম্ভাব্য এসব দুর্যোগের ক্ষয়ক্ষতি হ্রাস ও কার্যকর মোকাবেলার লক্ষ্যে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক বিভিন্ন প্রস্তুতিমূলক কার্যক্রম গ্রহণ করা হয়ে থাকে। দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলী-২০১৯ (SOD-2019) এর আলোকে গঠিত জেলা, উপজেলা, সিটি কর্পোরেশন, পৌরসভা, ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ের দুর্যোগ ব্যবস্থাপনা কমিটিসমূহের কার্যকারিতা নিশ্চিতকরণ অত্যন্ত গুরুত্বপূর্ণ । এ প্রেক্ষিতে উক্ত কমিটিসমূহ হালনাগাদ করা এবং নিয়মিত সভা আয়োজনের মাধ্যমে সম্ভাব্য প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় দ্রুত প্রচার ও আগাম প্রস্তুতি গ্রহণ করা একান্ত প্রয়োজন। এপ্রেক্ষিতে আপনার আওতাধীন সকল স্তরের দুর্যোগ ব্যবস্থাপনা কমিটিসমূহকে নিয়োক্ত কার্যক্রম গ্রহণের জন্য পুনরায় অনুরোধ করা হলো।

ক) দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলী-২০১৯ (SOD-2019) অনুযায়ী গঠিত সকল কমিটির সদস্য তালিকা হালনাগাদ করা:
খ) হালনাগাদকৃত কমিটির তথ্য নির্ধারিত ফরম্যাটে সংরক্ষণ ও প্রেরণ নিশ্চিত করা;
গ) কমিটিসমূহের জরুরি সভা আয়োজন করে সম্ভাব্য দুর্যোগ মোকাবেলায় প্রস্তুতিমূলক আপদকালীন কর্মপরিকল্পনা প্রণয়ন করা:
ঘ) সভায় দুর্যোগ পূর্ব প্রস্তুতি, আশ্রয়কেন্দ্র প্রস্তুত রাখা, উদ্ধার কার্যক্রম, ত্রাণ বিতরণ পরিকল্পনা, স্বেচ্ছাসেবক প্রস্তুতকরণ ইত্যাদি বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা:
ঙ) সংশ্লিষ্ট সকল দপ্তর, সংস্থা ও জনপ্রতিনিধিদের সাথে কার্যকর সমন্বয় জোরদার করা; এবং
চ) গৃহীত কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করা

২৩/০৮/২০২৬
(পরিতোষ হাজরা)
(যুগ্মসচিব)
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
ফোনঃ ২২২২৯৮৭২৫
dplanning@ddm.gov.bd

প্রাপক,
১. মেয়র/প্রশাসক, ঢাকা উত্তর/দক্ষিণ/ চট্টগ্রাম/ রাজশাহী/ রংপুর/ খুলনা/ সিলেট/ বরিশাল/গাজীপুর/নারায়নগঞ্জ/ময়মনসিংহ/বগুড়া সিটি করর্পোরেশন
২. জেলা প্রশাসক, ..........................................................(সকল)
৩. মেয়র/প্রশাসক, (সকল)............................................... পৌরসভা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়
ভেড়ামারা, কুষ্টিয়া।

স্মারক নং : ৫১.০১.৫০১৫.০০০.০০০.৯৯.০০০৭.২৬- ২৯৬(ক)

তারিখঃ ২৪/০৮/২০২৬ খ্রি.।

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ২৩/০৮/২০২৬ খ্রি. তারিখের ৫১.০১.০০০০.০০০.০৩২.০৩৯.০০৩৭.২৪.২৯ নং স্মারকে উল্লিখিত পত্রের আলোকে আগামী ০৫ কার্য দিবসের মধ্যে জরুরীভিত্তিতে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৪/০৮/২৬
(মোঃ মিজানুর রহমান)
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
ভেড়ামারা, কুষ্টিয়া।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে প্রেরণ করা হলো: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। উপজেলা নির্বাহী অফিসার, ভেড়ামারা, কুষ্টিয়া।
২। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, কুষ্টিয়া।
৩। পৌর নির্বাহী কর্মকর্তা, ভেড়ামারা পৌরসভা, ভেড়ামারা, কুষ্টিয়া।
৪। চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান ......................... (সকল ইউপি), ভেড়ামারা, কুষ্টিয়া।
৫। অফিস নথি।

CamScanner